

নির্মাণী প্রকৌশলীর কার্যালয় গণপূর্ত ইউ/এম এম আই এস বিল্ডিং-২, ঢাকা।			
স্মারক নং- ৩৬৭১	তারিখঃ ২১/১১/২০২২		
	প্রকল্পকর্তীঃ		
অঃ প্রঃ	সঃ প্রঃ	উঃ বিঃ প্রঃ	নিঃ প্রঃ
			N

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
হিসাব শাখা-১
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
www.pwd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.০৩৫.২১.১২৩২

তারিখ: ৭ পৌষ ১৪২৯
২২ ডিসেম্বর ২০২২

বিষয়: জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়নাধীন 'খুলনা বিভাগীয় কমিশনারের নতুন ভবন ও অডিটোরিয়াম নির্মাণ' শীর্ষক প্রকল্পের (প্রকল্প কোড ২২৪২৯১২০০) অনুকূলে চলতি ২০২২-২০২৩ আর্থিক সালে অর্থ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত প্রকল্পের কাজে চলতি ২০২২-২০২৩ আর্থিক সালে খরচ করার জন্য ২৫০.০০ লক্ষ (দুই কোটি পঞ্চাশ লক্ষ) টাকা মাত্র নিম্নবিভাজন মোতাবেক বরাদ্দ প্রদান করা হলো :

কোড/ খাতের বিবরণ	অর্থ বরাদ্দ	গণপূর্ত বিভাগ
৪১১১২০১ অনাবাসিক ভবন	২৫০.০০ লক্ষ	খুলনা গণপূর্ত বিভাগ-১, খুলনা

উক্ত খরচ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, খুলনা গণপূর্ত সার্কেল, খুলনা ও প্রকল্প পরিচালক এর স্মারক নং-২৫.৩৬.৪৭০০.১০০.৯-১১-৫৮৮ তারিখ: ০১/১১/২০২২ খ্রিঃ এর দ্বারা মঞ্জুরিকৃত এবং চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এর স্মারক নং-/৩০৯৪ তারিখঃ ২৯/১১/২০২২ খ্রিঃ এর দ্বারা পৃষ্ঠাংকনের মাধ্যমে ন্যস্তকৃত মোট ২৫০.০০ লক্ষ টাকা হিসাবের কোড নং-১০৭-২২৪২৯১২০০-৪১১১২০১ খাতে চলতি ২০২২-২০২৩ আর্থিক সালের বাজেট বরাদ্দ হতে সংকুলান/বহন করতে হবে। উক্ত অর্থ প্রাপ্তির সাথে সাথে অর্থ প্রাপ্তির স্বীকৃতি প্রদান করতে হবে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার যথাযথভাবে পর্যবেক্ষণ/ পালন পূর্বক খরচ করতঃ এ অধিদপ্তরকে অবহিত করতে অনুরোধ করা যাচ্ছে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে :

শর্তসমূহ

- বরাদ্দকৃত অর্থ Public Procurement Act (PPA)-2006 এবং Public Procurement Rules (PPR)-2008 (সর্বশেষ সংশোধনীসহ) যথাযথভাবে প্রতিপালন করে ব্যয় করতে হবে।
- বরাদ্দকৃত অর্থ অনুমোদিত ডিপিপি'র অংগভিত্তিক বরাদ্দ অনুযায়ী ব্যয় করতে হবে।
- বরাদ্দকৃত অর্থ অনুমোদিত বিভাজন অনুযায়ী ব্যয় করতে হবে এবং এক খাতের অর্থ অন্য খাতে ব্যয় করা যাবে না।
- চলতি আর্থিক সালে বরাদ্দকৃত অর্থ খরচ করতে হবে এবং খরচের হিসাব এ দপ্তরে দাখিল করতে হবে।